

ভিক্ষা ।

সে গান গিয়াছে থামি ।
যে মধুর গান আকাশ পরশি
পশিয়াছিল হৃদয়ে মোর,
যে গান ঝিরিয়া থাকিত আঁসার
সারাদিন পুনঃ নিশীথ ভোর,
যে গানের সাথে ধ্বনিত আমার
হৃদয় তন্দ্রী, তারও ছিঁড়েছে ডোর ।

যে উজল আলো সমুখে থাকিয়া
প্রভা বিতরিত ভুবনে,
যাহার মগ্নে অলিয়া উঠিত
গ্রহতারা সব গগনে,
নিহুর বাতাসে নিভিয়া গিয়াছে
সে দীপ আমার, আঁধার হরেছে জীবনে ।

সারা বরষ ধরিয়া ছড়ান থাকিত
জল-ফুলের মালা,
তাহাদের সাথে কত ভাল বাসা
কতই পুতুল খেলা,
ঝরে গেল তারা, আসিল গো
শুধু এক ফোঁটা জল, বাড়াতে হৃদয় জালা ।

সুন্দর মোর যাহা কিছু ছিল
 পড়েছে আঁধারে ছড়ানে,
 লোহার শিকল কঠোর করিয়া
 ধরেছে চরণে জড়ানে,
 জটিল হয়েছে জীবনের ভার
 ভিখারী মেজেছি, নিজের জিনিষ হারায়ে ।

কোথা হে শক্তিমান !
 ভেঙ্গেছে সে গান কোলাহল আজি
 পশিতেছে মোর শ্রবণে,
 নিবেছে সে দীপ চারিদিকে দেখি
 আঁধার ঘেরেছে নয়নে,
 শুকায়েছে ফুল শুধু কণ্টক
 ফুটিছে শূত্র চরণে,
 বল দাও মোরে সহিতে এ চূঃখ
 হস্তপূর্ণ বদনে ।

Sachindra Nath Bhattacharyya,
First year Class.